দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 26 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

570

# ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ট্রাক বাস মিনিবাস ও টেম্পোসহ বাণিজ্যিক যানবাহন চলাচল নিষিদ্ধ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে সড়ক দুর্ঘটনায় একজন ছাত্রসহ দুইজন নিহত হইবার প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয় এলাকায় ট্রাক, বাস, মিনিবাস ও টেম্পোসহ সকল প্রকার ভারী ও বাণিজ্যিক যানবাহন চলাচল সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হইয়াছে। যানবাহন নিয়ন্ত্রণে বিশ্ববিদ্যালয় এলাকার বিভিন্ন সড়কের ১৮টি স্থানে 'মাল্টিপল স্পীড ব্রেকার' এবং ক্যাম্পাসের প্রতিটি প্রবেশ সড়কে নিয়ন্ত্রণ বক্স স্থাপন করা হইবে। গতকাল (বৃহস্পতিবার) দুপুরে ভিসি প্রফেসর আজাদ চৌধুরীর সভাপতিত্বে ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ডিসি (দক্ষিণ), ডিসি (ট্রাফিক), সিটি কর্পোরেশন প্রতিনিধি, প্রোভিসি, রেজিষ্ট্রার, প্রক্টর ও প্রকৌশলীবৃন্দের এক সভায় ক্যাম্পাসের অভ্যন্তরে শিক্ষার পরিবেশ, যানবাহন চলাচল ও সড়ক দুর্ঘটনা প্রতিরোধে উল্লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়। যে ১৮টি স্থানে স্পীড ব্রেকার স্থাপন করা হইবে তাহা হইল ঃ জাতীয় জাদুঘর, বিশ্ববিদ্যালয় লাইব্রেরী, টিএসসি আণবিক শক্তি কমিশন, তিন নেতার মাজার, শিশু একাডেমী, পুরাতন হাইকোর্ট, শহীদুল্লাহ হল গেট, সায়েন্স এ্যানেক্স, বুয়েট মসজিদের পার্শ্বে, এসএম হল, উদয়ন স্কুল, কার্জন হলের পূর্ব গেট, এফএইচ হল গেট, নিমতলী আনোয়ার পাশা ভবন, চানখারপুল, কলাভবনের প্রধান গেট এবং বসুনিয়া তোরণের সম্মুখে। ক্যাম্পাসের প্রধান সড়কে রোড ডিভাইডারও থাকিবে। সভায় এই সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হইবে বলিয়া পদক্ষেপ গৃহীত হয়। উল্লেখ্য, অতীতে ক্যাম্পাস এলাকায় ভারী যানবাহন চলাচল কয়েকদফা নিষিদ্ধ করা হইলেও কর্তৃপক্ষ সেই পদক্ষেপ বাস্তবায়নে মোটেই আন্তরিকতা প্রদর্শন করে নাই। ইতিপূর্বে ক্যাম্পাসের ৪টি সড়কে যানবাহন নিয়ন্ত্রণ বক্স স্থাপন করা হইলেও সেখানে কোন লোক নিয়োগ করা হয় নাই। ফলে গত বুধবার ক্যাম্পাসে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় আইবিএ'র ছাত্র রিয়াদের প্রাণহানি ঘটে।

## ক্যাম্পাসে ভাংচুর

এদিকে সড়ক দুর্ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র নিহত হওয়ার প্রতিবাদে গত বুধবার গভীর রাতে শত শত ছাত্র ক্যাম্পাস এলাকায় বিক্ষোভ করে। শহীদ মিনার এলাকায় ছাত্ররা ঐ সময়ে অবৈধ প্রবেশকারী একটি মালবোঝাই ট্রাকে আগুন ধরাইয়া দেয়। বিক্ষুব্ধ ছাত্ররা ভিসি'র বাস ভবনে ইট-পাটকেল নিক্ষেপ ও গেটের পার্শ্বের বৈদ্যুতিক বাতি ভাংচুর করে। পরে পুলিশ আসিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। গতকাল ছাত্ররা ক্যাম্পাসে যানবাহন চলাচল বন্ধের দাবীতে শোক মিছিলসহ স্বরাষ্ট্রমন্ত্রী, সিটি মেয়র, ভিসি, আইবিএ'র পরিচালক ও প্রক্টরের নিকট স্মারকলিপি পেশ করে।